দৈনিক বাংলা

180

তারিখ ..28.OCT 1991 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫

# সন্ত্রাসীদের সমূলে উৎখাত করা হবে ঃ স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী বলেছেন, মুষ্টিমেয় সন্ত্রাসবাদী ছাত্র ব্যতীত শিক্ষাপ্রতিষ্ঠানের সকল ছাত্রই শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ চান। তিনি বলেন, স্বার্থান্বেষী মহলের ছত্রচ্ছায়ায়

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## স্বরাষ্ট্রমন্ত্রী

(প্রথম পৃঃ পর)

লালিত-পালিত সন্ত্রাসীরা যত ক্ষমতাধরই হোক না কেন সরকার তাদের সমূলে উৎখাত করবে। সন্ত্রাস দমনে তিনি ছাত্র-শিক্ষক সকলের আন্তরিক সমর্থন ও সহযোগিতা কামনা করেন।

স্বরামন্ত্রী রোববার সকালে ঢাকা কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তৃতা দিচ্ছিলেন।

ঢাকা কলেজের অধ্যক্ষ মোঃ নাজিরউদ্দিন আহমদের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব আবদুর রউফ ও ঢাকা কলেজ ছাত্র সংসদের ভিপি মীর সরফত আলী ও জিএস জাকির হোসেন বক্তৃতা দেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এই দেশের ছাত্র সমাজের মহান ঐতিহ্য রয়েছে। তিনি বলেন, গণতন্ত্র প্রতিষ্ঠা এবং স্বৈরাচার উৎখাতে তাদের ভূমিকা ছিল অগ্রগণ্য। কিন্তু কোন কোন মহল সন্ত্রাসী কতিপয় ছাত্র এবং বহিরাগতদের সহায়তায়, সন্ত্রাসী তৎপরতার মাধ্যমে ছাত্র সমাজের ভাবমূর্তি নস্যাৎ করার অপচেষ্টা চালাচ্ছে। তিনি ছাত্র সমাজকে এসব সন্ত্রাসীদের বিরুদ্ধে রুখে দাঁড়াবার ক্ষেত্রে সরকারকে সর্বাঙ্গীন সহায়তাদানের জন্য আহবান জানান। তিনি ছাত্রদের পড়ালেখার অবসরে খেলাধুলায় ও অন্যান্য সৃজনশীল কাজে যত্নবান হওয়ার পরামর্শ দেন।

পরে স্বরাষ্ট্রমন্ত্রী ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। খবর তথ্য বিবরণীর।